



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৯.১৩৩০

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮

১৪ ডিসেম্বর ২০২১

বিষয়: পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিলের গানি গোডাউন হতে নারায়ণগঞ্জ সাইলোতে ১,৫০,০০০ পিস খালি ও পুণর্ব্যবহারযোগ্য পুরাতন চটের বস্তা প্রেরণের অনুমোদন প্রদান
সূত্র: প্রধান মিলার, পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল এর ১২/১২/২০২১ খ্রি. তারিখের
১৩.১৪.০০০০.০০৮.৮৭.১৭২.১৯.১৬৬৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পোস্টগোলা আধুনিক ময়দা মিলে গুদাম মজুত হিসেবে প্রায় ১,৭৫,০০০ পিস খালি ও পুণর্ব্যবহারযোগ্য পুরাতন চটের বস্তা জমা হয়েছে এবং প্রতিনিয়ত এ মজুতের পরিমাণ বেড়ে চলেছে। ইতোমধ্যে পোস্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল এর অনুকূলে প্রায় ৯,০০০ মে.টন পরিমাণ গমের চলাচল সূচি জারি করা হয়েছে। পর্যাক্রমে এ সকল গম গ্রহণ করা হলে শুধু এক্ষেত্রেই ১,৮০,০০০ পিস চটের বস্তা উক্ত ফ্লাওয়ার মিলে জমা হবে। ভূসি বস্তা বন্দি করণে এ চটের বস্তার একটা অংশ ব্যবহার হয়ে যাচ্ছে। কিন্তু সরকারি ময়দা মিলে সীমিত গোডাউন স্পেসের কারণে এ জমা হওয়া বস্তার অতিরিক্ত অংশ যা মিলের জন্য অপ্রয়োজনীয় সেগুলো জরুরিভিত্তিতে অন্ততঃ ১,৫০,০০০ পিস খালি ও পুণর্ব্যবহারযোগ্য পুরাতন চটের বস্তা চলাচল সূচির মাধ্যমে অন্যত্র সরিয়ে নিয়ে ফ্লাওয়ার মিলের আটা এবং ভূসি উৎপাদন স্বাভাবিক, টেকসই ও অনুকূল ধারায় অব্যাহত রাখতে সুত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, পোস্টগোলা আধুনিক ময়দা মিলে আটা এবং ভূসি উৎপাদন স্বাভাবিক রাখার স্বার্থে ১,৫০,০০০ পিস খালি ও পুণর্ব্যবহারযোগ্য পুরাতন চটের বস্তা নারায়ণগঞ্জ সাইলোতে ডিআরটিসি ঠিকাদারের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৪-১২-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপ-পরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৩.১৯.১৩৩০/১(৮)

তারিখ: ২৯ অগ্রহায়ণ ১৪২৮

১৪ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) প্রধান মিলার, পোষ্টগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের
অনুরোধ করা হলো)
- ৮) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো



১৪-১২-২০২১

মোঃ ফজলে রাওয়ী হায়দার

উপ-পরিচালক